২২১

দৈনিক সংবাদ

তারিখ 03 SEP [illegible]
পৃষ্ঠা ৮ কলাম ২

# শামসুন নাহার হলে ক্ষুব্ধ ছাত্রীদের ভাঙচুর

( নিজস্ব বার্তা পরিবেশক )

ভিজিটর রুমকে অফিসিয়াল কাজে ব্যবহার, হলের অভ্যন্তরে অপ্রয়োজনীয় কলাপসিবল গেট স্থাপন এবং হাউস টিউটরদের দুর্ব্যবহারের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন নাহার হলের ছাত্রীরা গতকাল বুধবার হলে ভাঙচুর করে।

বিক্ষুব্ধ ছাত্রীরা অফিসে রূপান্তরিত ভিজিটর রুমটি ভাঙচুর করে এবং হলের অভ্যন্তরে স্থাপিত দু'টি কলাপসিবল গেট উপড়ে ফেলে। ছাত্রীরা অভিযোগ করে যে, হলে অনেকে অবৈধভাবে অবস্থান করছে; কিন্তু কর্তৃপক্ষ তাদের ব্যাপারে কোন ব্যবস্থা নিচ্ছেন না। এজন্যে বৈধ ছাত্রীদের অনেক দুর্ভোগ পোহাতে হচ্ছে। অনেক বৈধ ছাত্রী হলে সিট পাচ্ছে না। কোন কোন কক্ষে ধারণ ক্ষমতার দ্বিগুণেরও বেশি ছাত্রীকে থাকতে হচ্ছে গাদাগাদি করে।